

# যায়যায়দিন

তারিখ -- 27 APR 2007 ...  
পৃষ্ঠা ৩ কলাম ৩ .....

মুদ্রিত  
৩৩

## পশ্চিমবঙ্গে নতুন ১০০ মাদ্রাসা খোলা হচ্ছে

যায়যায় ডেস্ক

উচ্চ মাধ্যমিক স্তরের আরো ১০০ মাদ্রাসা খুলবে ইনডিয়ার পশ্চিমবঙ্গ রাজ্য সরকার। গত বুধবার পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ডের এক অনুষ্ঠানে এ কথা জানান সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা দফতরের রাষ্ট্রমন্ত্রী আব্দুস সাভার। ৪০টি মাদ্রাসায় বিজ্ঞান শাখা চালু করতে প্রয়োজনীয় সরঞ্জাম দেয়া উপলক্ষে ওই অনুষ্ঠানের আয়োজন হয়েছিল বলে ইনডিয়ার একটি পত্রিকার খবরে বলা হয়েছে।

অনুষ্ঠানে মন্ত্রী জানান, রাজ্যের ৭৩টি উচ্চ মাদ্রাসার মধ্যে দুটিতে এখন বিজ্ঞান শাখা রয়েছে। আরো ৪০টি মাদ্রাসায় বিজ্ঞান শাখা খোলা হবে। অনেক বেশি সংখ্যক জুনিয়র মাদ্রাসাও খোলা হবে। নিয়োগ করা হবে প্রয়োজনীয় শিক্ষক। তিনি জানান, কলকাতা মাদ্রাসা কলেজকে মাদ্রাসা ইউনিভার্সিটি করার বিষয়ে সব রকম উদ্যোগ নেয়া হচ্ছে।

অনুষ্ঠানে বিধানসভার চিফ হুইপ মুহাম্মদ মসিহ বলেন, মাদ্রাসা শিক্ষাকে এখন আর আলাদা করে দেখার কোনো জায়গা নেই। সামগ্রিক শিক্ষার উন্নয়নের সঙ্গে তাল মিলিয়ে এর উন্নতি হচ্ছে। অনুষ্ঠানে হাজির ছিলেন পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ডের সভাপতি সোহরাব হোসেন, মধ্য শিক্ষা পর্ষদ সভাপতি উজ্জ্বল বসু প্রমুখ।